

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
মহাদেবপুর, নওগাঁ।

স্মারকনং- ৩২.০১.৬৪৫০.০১৪.২০.০০১.২৬- ১৩

তারিখ : ০১/০৪/২০২৬ খ্রি।


প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়)” প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে তিন মাস মেয়াদী প্রশিক্ষণ কোর্সে নিম্নোক্ত দুইটি ট্রেডে ২০ জন করে মোট ৪০(চল্লিশ) জন মহিলা প্রশিক্ষার্থী ভর্তি করা হবে।

ক্রমিক নং	ট্রেড কোর্সের নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	আবেদন পত্র গ্রহণ ও জমা দেওয়ার তারিখ	স্বাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য তারিখ	মন্তব্য
০১	ফ্যাশন ডিজাইন	২০	০১/৪/২০২৬ হতে	২১/০৪/২০২৬ খ্রি.	
০২	শতরঞ্জি ও হস্তশিল্প	২০	১৯/০৪/২০২৬ খ্রি.	সকাল ১০.৩০ ঘটিকা	

শর্তাবলী :

- ০১। অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র সংগ্রহ ও দাখিল করতে হবে।(আবেদন ফরম অফিস থেকে অথবা অফিসের ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে।)
- ০২। প্রার্থীর বয়স ১৮ হতে ৪০ বছরের মধ্যে হতে হবে।
- ০৩। আবেদনপত্রের সাথে ওয়ার্ড কমিশনার/পৌরসভার চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যান/ইউপি সদস্য কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট (সত্যায়িত ফটোকপি), জাতীয় পরিচয়পত্র (সত্যায়িত ফটোকপি), মোবাইল নম্বর ও ০৩ (তিন) কপি রঙিন ছবি(সত্যায়িত) সংযুক্ত করতে হবে। জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতা মূলক।
- ০৪। দরিদ্র, সুবিধা বঞ্চিত অসহায় মহিলাদের প্রশিক্ষণে ভর্তি করা হবে। বিধবা, তালাকপ্রাপ্তা ও স্বামী পরিত্যক্তা মহিলাদের প্রশিক্ষণে অগ্রাধিকার দেওয়া হবে।
- ০৫। আবেদনকারীকে স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতার দরিদ্র, সুবিধাবঞ্চিত মহিলা হতে হবে।
- ০৬। প্রশিক্ষণের মেয়াদ হবে ০৩ (তিন) মাস, ৬০ কর্ম দিবসে ৩৬০ ঘন্টা।
- ০৭। স্বাক্ষাৎকারের সময় প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। অনিবার্য কারণবশত: কর্তৃপক্ষ স্বাক্ষাৎকার গ্রহণের তারিখ পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।
- ০৮। প্রশিক্ষার্থীকে কেন্দ্রের নিয়ম কানুন অবশ্যই মেনে চলতে হবে।
- ০৯। প্রশিক্ষার্থীকে বরাদ্দপ্রাপ্তি স্বাপেক্ষে দৈনিক হাজিরার ভিত্তিতে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১০। যারা পূর্বে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের প্রশিক্ষণে ভর্তি করা হবে না।


০১/০৪/২৬

মোঃ সুলতান মাহমুদ
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
মহাদেবপুর, নওগাঁ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। প্রকল্প পরিচালক, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, মহাদেবপুর, নওগাঁ।
- ০৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ।
- ০৪। উপজেলা কর্মকর্তা, মহাদেবপুর, নওগাঁ।
- ০৫। চেয়ারম্যান,(সকল) ইউ,পি, মহাদেবপুর, নওগাঁ।
- ০৬। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, মহাদেবপুর, নওগাঁ।
- ০৭। নোটিশ বোর্ড (সকল দপ্তর)
- ০৫। দপ্তর নথি।